## কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746



ডাউনলোড "এই যুগ অ্যাপ"



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"





HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 6 AUGUST 2026 ,THURSDAY | ৬ আগস্ট ২০২৬ ,বৃহস্পতিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-244


## পূর্বতন সরকার কেন্দ্রের বরাদ্দ অর্থ আত্মসাৎ করে বাংলার মানুষকে ভুল তথ্য দিয়েছেন বলে ক্ষোভ প্রকাশ পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পালের




**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,পশ্চিম বর্ধমান ,৫ আগস্ট :** আজ সাংবাদিকদের মুখোমুখি হয়ে রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন ,"কেন্দ্রীয় সরকার কত টাকা রাজ্য সরকারকে সাহায্য দিয়েছে এবং সেই টাকা কোন কোন খাতে চুরি হয়েছে ,সেটা জানার অধিকার রাজ্যবাসীর রয়েছে" । তিনি আরও জানান, "বিগত মমতা ব্যানার্জীর সরকার বহু তথ্য গোপন করেছেন এবং ভুল তথ্য দ্বারা মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করেছেন। প্রাক্তন মুখ্যমন্ত্রী হয়ত ভেবেছিলেন তৃণমূল সরকারকে কোনোদিন সরানো যাবে না ,সেই সরকারের কোনও বিকল্প নেই।কিন্তু কেউ তো আর অপরিহার্য বা অত্যাবশ্যক নন। পূর্বতন সরকারের কুকীর্তি গুলো এক এক করে প্রকাশ হচ্ছে। কয়েকদিন পর ক্যাগ এর রিপোর্ট সামনে এলেই তৃণমূল সরকারের আরও অনেক কুকীর্তি জনগণের সামনে উঠে আসবে"।

## বিভিন্ন জেলায় মসজিদের মাইক খুলে নেওয়া প্রসঙ্গে বার্তা আইএসএফ বিধায়ক নওসাদ সিদ্দিকীর



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,৫ আগস্ট :** রাজ্যের বিভিন্ন জেলায় মসজিদের মাইক খুলে নেওয়ার প্রচেষ্টা সম্পর্কে কারণ সহ ব্যাখ্যার দাবি জানিয়ে রাজ্য পুলিশের ডিরেক্টর জেনারেল অব পুলিশকে চিঠি দিলেন আইএসএফ বিধায়ক নওসাদ সিদ্দিকী । নওসাদ সিদ্দিকী এই বিষয়ে সাধারণ মানুষকে একান্ত অনুরোধ করেছেন যাতে কোনরকম প্ররোচনা অথবা চক্রান্তে পা না দেয় । এই বিষয়ে আইনী লড়াইয়েরও প্রস্তুতি নিচ্ছি আমরা এও জানান ভাঙড় এর আইএসএফ বিধায়ক নওসাদ সিদ্দিকী । এদিন সাংবাদিকদের নওসাদ সিদ্দিকী জানান ,গতকাল থেকে রাজ্যের বিভিন্ন জেলার মানুষ ফোন করে ,কোথাও তাদেরকে থানায় ডেকে কোথাও তাদের কে পুলিশ এর মাধ্যমে নিদান দেওয়া হয়েছে ধর্মীয় স্থান বা মসজিদের মাইক খুলে দিতে হবে। নওসাদ সিদ্দিকী অভিযোগ করেন পুলিশ এর পক্ষ থেকে কোনো বিজ্ঞপ্তি দেওয়া হয়নি। নওসাদ এও জানান এ বিষয়ে রাজ্য পুলিশের ডিরেক্টর জেনারেল অব পুলিশকে চিঠি দিয়েছি ।এ বিষয়ে আইনী লড়াইয়েরও প্রস্তুতি নিচ্ছি আমরা।

# জীবনের ঝুঁকি নিয়ে পরীক্ষা দিয়ে বাড়ি ফিরছে ছাত্র-ছাত্রীরা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ আগস্ট :** বামনী এবং মুলসাং নদীর মাঝখানে থাকা নামা যশোডাঙ্গা এলাকায় জলমগ্ন হয়ে গেছে কয়েকশো বাড়ি। লাগাতার বৃষ্টির ফলে একদিকে যেমন নদীতে জল বাড়ছে অন্যদিকে বৃষ্টির জল জমে গেছে এলাকায়। তাছাড়া জয়ন্তী নদীর ভাঙ্গনের ফলে নামা যশোডাঙ্গা এলাকায় প্রচুর বাড়িতে জল জমে গেছে, বন্ধ হয়ে গেছে বাড়িতে রান্না। রীতিমতো বন্যার পরিস্থিতি হয়ে গেছে ওই এলাকায়। কৃষি জমি ডুবে গেছে গবাদি পশুদের নিয়ে বিপাকে পড়েছেন পরিবারের সদস্যরা। ছাত্র-ছাত্রীদের পরীক্ষা চলছে স্কুল গুলিতে। ফলে পরীক্ষা শেষ করে বাড়ি ফেরার পথেও জলে ভিজে পৌঁছাতে হচ্ছে তাদের। মাথা গুজবার ঠাই নেই এমন পরিস্থিতি হয়ে গেছে বেশ কিছু পরিবারের। মূল সড়ক থেকে শুরু করে পাড়ার রাস্তাগুলো জলে ডুবে আছে এভাবেই যাতায়াত করছেন তারা।

# রাস্তা কাটা গত ১৫ দিন যাবত



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ আগস্ট :** গত ১৫ দিন ধরে ব্যস্ততম রাস্তা কেটে রেখেছেন জনতা। আলিপুরদুয়ার দু নম্বর ব্লকের যশোডাঙ্গা বাস স্ট্যান্ড সংলগ্ন পি ডব্লিউ ডি রোড থেকে জলের পাম্পের যাওয়ার রাস্তাটি বেহাল অবস্থায় পড়ে রয়েছে। লাগাতার বৃষ্টি হচ্ছে আর এর ফলেই মূল রাস্তা কেটে দিয়েছেন এলাকার বাসিন্দারা জল নিকাশি ব্যবস্থা সঠিক করার দাবি তুলে। একদিকে টট পাড়া গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান অন্যদিকে গ্রাম পঞ্চায়েতের প্রধানের বুথ । দুটি বুথের সীমায়ায় রয়েছে এই রাস্তা। বামফ্রন্টের শাসনকালের ৩৫ বছর তৃণমূলের শাসনকালে ১৫ বছরে জল নিকাশি ব্যবস্থা সঠিক হয়নি। রাজ্য সড়কের পাশে থাকা পি ডব্লিউ ডি দখল হয়ে গেছে অনেকদিন আগেই যার ফলে নিকাশি ব্যবস্থা গোটাটাই ভেঙ্গে পড়েছে গ্রাম পঞ্চায়েত এলাকায়। বর্ষা এলেই মাথাব্যথার কারণ হয়ে দাঁড়ায় আম জনতার। তবে জল নিকাশি ব্যবস্থা সঠিক না হলে আগামী দিনে কাঠগোড়ায় দাঁড়াতে হবে রাজনৈতিক নেতা থেকে শুরু করে প্রশাসনিক কর্তাদের।

# ২০২৮ সালের মধ্যে কোচবিহার শহরকে ভারতের সেরা ১০ টি শহরের মধ্যে নিয়ে আসা হবে বলে জানালেন পশ্চিমবঙ্গ বিধানসভার অধ্যক্ষ রথীন্দ্র বসু



**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,৫ আগস্ট :** আজ কোচবিহার শহরে নিজ বাসভবনে পশ্চিমবঙ্গ বিধানসভার স্পিকার তথা কোচবিহার দক্ষিণ কেন্দ্রের বিধায়ক রথীন্দ্র বসু একটি সাংবাদিক সম্মেলন করেন ।তিনি বলেন , "আমি আজ সকালে কোচবিহার শহর পরিদর্শনে গিয়ে দেখতে পাই পুরো শহর জলমগ্ন । বহু মানুষের ঘরে নর্দমার নোংরা জল ঢুকেছে। আমি খুবই ব্যথিত যে রাজার তৈরি এই শহরকে একসময় বলা হতো 'সিটি অফ বিউটি' অর্থাৎ 'COB'। কিন্তু পঞ্চাশ বছর ধরে শহরের এই পরিণতি হয়েছে। আমি অতি শীঘ্রই সরকারকে এই বিষয়ে অবহিত করবো ।শহরে যে সমস্ত অব্যবস্থা গুলো রয়েছে সেগুলোর সঠিক সমাধানের জন্য। শহরের ১৮ টি দিঘিকে পরিষ্কার রাখা হবে। শহরের ড্রেনেজ ব্যবস্থা খুবই খারাপ অবস্থায় রয়েছে। এইজন্য পরিকল্পনা করা হবে, এর সাথে প্রয়োজন অর্থের। আমাদের লক্ষ্য ২০২৮ সালের মধ্যে কোচবিহার শহরকে ভারতের সেরা ১০ টি শহরের মধ্যে নিয়ে আসা হবে তারপর দুই তিন বছরের মধ্যে এই শহরকে ভারতের সেরা দুই তিন টি শহরের মধ্যে নিয়ে আসা হবে। এই বিষয়ে সরকার পক্ষ থেকে চেষ্টা করা হবে এবং শহরবাসীর সমবেত প্রচেষ্টা প্রার্থনীয়"।

# জলমগ্ন বহু এলাকা ,ঝুঁকি নিয়েই যাতায়াত করছে সাধারণ মানুষ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ আগস্ট :** রাতভর বৃষ্টির তাণ্ডবের ফলে ডুয়ার্সের নদীগুলি ফুলেঁ ফেঁপে উঠছে। বুধবার বেলা যতো বাড়ছে নদীর জল তত বাড়ছে। ডুয়ার্সের বামনি তুরতুরি রায়ডাক ১ ধারসী নদীর জল বেড়েই চলেছে। জল বেড়ে গেছে অনেকটাই গদাধর নদীর। আলিপুরদুয়ার জেলার স্কুলগুলিতে পরীক্ষা শুরু হয়েছে গত সোমবার থেকে। বুধবারেও বিভিন্ন স্কুলে পরীক্ষা থাকার দরুন ছাত্র-ছাত্রীরা নাজেহাল হয়ে গেছে। আলিপুরদুয়ার দুই ব্লকের তুরতুরি গ্রাম পঞ্চায়েতের তুরতুরি নদীর উপর থাকা অস্থায়ী বাঁশের সাঁকো ভেঙে গেছে ফলে বিপাকে পড়েছে লোকনাথপুর হাই স্কুলের ছাত্রছাত্রীরা। ব্লকের টটপাড়া এক গ্রাম পঞ্চায়েতের নামা যশোডাঙ্গা এলাকায় জয়ন্তী নদী থেকে প্রচুর পরিমাণে জল ঢুকে গেছে। কয়েকশো বাড়ি জলমগ্ন হয়ে আছে। যশোডাঙ্গা বিশ্বাস পাড়া এলাকায় বন্যার দরুন মানুষের বাড়িতে জল ঢুকেছে পাশাপাশি প্রচুর পরিমাণে পুকুর ডুবে গেছে।। প্রশাসনিক কর্তারা এলাকা পরিদর্শনে গিয়েছেন। তবে বুধবার সকাল থেকেই বৃষ্টি অনবরত চলছে। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকে জলমগ্ন হয়ে আছে প্রচুর মানুষ। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের প্রশাসনিক কর্তারা বিভিন্ন এলাকা পরিদর্শন করেন বন্যা দুর্গত পরিবারদের সঙ্গে কথা বলেন। ব্লকের ভাটিবাড়ী গ্রাম পঞ্চায়েতের বোরাগাড়ি এলাকায় জল অনেকটাই বেড়ে গেছে। মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন এলাকায় ধারসী নদীর জল ঢুকে গেছে।

# টটপাড়া ২ গ্রাম পঞ্চায়েতের প্রধান ইস্তফা দিয়েছেন





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ আগস্ট :** প্রধান পদ থেকে ইস্তফা দিয়েছেন আলিপুরদুয়ার ২ ব্লকের টটপাড়া ২ গ্রাম পঞ্চায়েতের প্রধান কনিকা বর্মন। বুধবার আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের সমষ্টির উন্নয়ন আধিকারিক এর কাছে ব্যক্তিগত সমস্যার কথা উল্লেখ করে তিনি ইস্তফা পত্র পেশ করেছেন। উল্লেখ্য পশ্চিমবঙ্গের সরকার পরিবর্তনের পরেই একের পর এক তৃণমূলের প্রধান উপপ্রধান তাদের পদ থেকে ইস্তফা দেওয়া শুরু করেছেন। আলিপুরদুয়ার ২ ব্লকের ১১ টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে সাতজন প্রধান এর আগেই ইস্তফা পত্র জমা দিয়েছেন। বুধবার কণিকা বর্মন তার প্রধান পদ থেকে ইস্তফা দেওয়ার পর সংখ্যাটা দাঁড়িয়েছে আটে। এদিকে চার নম্বর মন্ডলের তুরতুরি কোহিনুর এবং শামুকতলা গ্রাম পঞ্চায়েতের প্রধান গন এখনো ইস্তফা দেননি।

# মাঝেরডাবড়ীতে ব্যাপক অভিযান পুলিশের



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ আগস্ট :** মাঝেরডাবড়ী গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে প্রচুর পরিমাণে চোলাই তৈরির উপকরণ নষ্ট করে দিয়েছে শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে কম করে পাঁচ থেকে ৬০০ লিটার চোলাই তৈরির উপকরণ নষ্ট করে দিয়ে বাসনপত্র বাজেয়াপ্ত করে পুলিশ ফাঁড়িতে নিয়ে এসেছে পুলিশ। এর আগেও ওই এলাকার বাসিন্দাদের সতর্ক করা হয়েছিল চোলাই তৈরি বন্ধ করার বিষয় নিয়ে। মাঝেমধ্যেই অভিযান চালানো হচ্ছে তবুও চোলাই তৈরি করেই যাচ্ছেন তারা। শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক জানিয়েছেন অভিযান লাগাতার ভাবে চলতেই থাকবে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |